সংবাদ

তারিখ 24 FEB 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৩

# কেন্দ্রীয় ব্যাংকের ই-লাইব্রেরি চালু

অর্থনৈতিক বার্তা পরিবেশক

সাত হাজার ই-বুক নিয়ে ই-লাইব্রেরি চালু করেছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল বিকেলে বাংলাদেশ ব্যাংকে ই-লাইব্রেরির উদ্বোধন করেন গভর্নর ড. আতিউর রহমান। ই-লাইব্রেরিতে বর্তমানে প্রতিদিন কমপক্ষে ১শ জন পাঠক পড়ছেন। এতে রয়েছে ৭ হাজার ই-বুক, ২৫ হাজার ই-জার্নাল, ১ হাজার সিডি ও ডিভিডি। ই-লাইব্রেরির মাধ্যমে এখন থেকে কেন্দ্রীয় ব্যাংকের কর্মীরা তাদের আইডি নম্বর ব্যবহার করে নিজেরাই বই ইস্যু ও রিটার্ন করতে পারবে।

১৯৬২ সালে বাংলাদেশ ব্যাংক মাত্র ৭শ বই ও জার্নাল নিয়ে যাত্রা করলেও বর্তমানে তা ৫৬ হাজারে উন্নীত হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেন, বিশ্বের অনেক দেশের কেন্দ্রীয় ব্যাংকের ই-লাইব্রেরির তুলনায় 'বাংলাদেশ ব্যাংকের ই-লাইব্রেরি' কোন অংশেই পিছিয়ে নেই। গবেষণার জন্য লাইব্রেরি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি শুধু লাইব্রেরি নয়, জ্ঞান চর্চার একটি মিলন মেলাও। যেখানে রয়েছে বিরল অনেক বই। ই-লাইব্রেরি আধুনিক প্রযুক্তি সম্পন্ন করা হয়েছে। আগামীতে এ লাইব্রেরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করার পরামর্শ দেন তিনি।

ডেপুটি গভর্নর আবুল কাশেমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ডেপুটি গভর্নর আবু হেনা মো. রাজী হাসান। এ সময় আরও উপস্থিত ছিলেন, বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক এবং অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সচিব আসলাম আলম, ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হান্নানা বেগম, ড. মোস্তাফা কামাল মুজেরি, ড. সাদিক আহমেদ, অধ্যাপক সনৎ কুমার সাহা, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আবুল কাশেম, এস কে সুর চৌধুরী, নাজনীন সুলতানা।